



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd



শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ইহার কর্মকর্তা/কর্মচারীদেরকে শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২ প্রদানের লক্ষ্যে অনলাইনের মাধ্যমে শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী- (ক) গ্রেড-২ হতে গ্রেড-৯; (খ) গ্রেড-১০ হতে গ্রেড-১৬; এবং (গ) গ্রেড-১৭ হতে গ্রেড-২০ ভুক্ত প্রত্যেক ক্যাটাগরি থেকে ০১ জন করে মোট ০৩ জন কর্মচারীকে নির্বাচনের জন্য প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে মূল্যায়ন এর ব্যবস্থা গ্রহণ করা হয়।

৯ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় কমিশনের নৈতিকতা কমিটি কর্তৃক উক্ত মূল্যায়নের ভিত্তিতে গ্রেড-২ হতে গ্রেড-৯ পর্যন্ত কর্মচারীদের মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা- জনাব মুহাম্মদ ওয়ারিসুল হাসান রিফাত, উপ-পরিচালক এবং গ্রেড-১০ হতে গ্রেড-১৬ পর্যন্ত কর্মচারীদের মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা- জনাব নাজিম আহমেদ, ব্যক্তিগত কর্মকর্তাকে শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২ এ বিজয়ী ঘোষণা করা হয়। উল্লেখ্য যে, গ্রেড- ১৭ থেকে গ্রেড-২০ এ কোন কর্মচারী পুরস্কারের জন্য বিবেচ্য ন্যূনতম ৮০ নম্বর না পাওয়ায় উক্ত ক্যাটাগরিতে পুরস্কার ঘোষণা করা হয় নি।


কমিশনের নৈতিকতা কমিটির সিদ্ধান্ত মোতাবেক, শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২ বিজয়ী প্রত্যেক কর্মকর্তাকে কমিশন কর্তৃক সম্মাননা সনদ, সম্মানী বাবদ এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এবং একটি Samsung Tab পুরস্কার হিসেবে প্রদান করা হয়।

শুদ্ধাচার পুরস্কার, ২০২১-২০২২ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	গ্রেড
১.	মুহাম্মদ ওয়ারিসুল হাসান রিফাত	উপ-পরিচালক	গ্রেড-২ হতে গ্রেড-৯
২.	নাজিম আহমেদ	ব্যক্তিগত কর্মকর্তা	গ্রেড-১০ হতে গ্রেড-১৬


২৫/০৬/২০২২

মোঃ আব্বুল কালাম
সদস্য সচিব, নৈতিকতা কমিটি
ও
পরিচালক, বিএসইসি।


২৫/০৬/২০২২

মোঃ মাহবুবের রহমান চৌধুরী
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি
ও
নির্বাহী পরিচালক, বিএসইসি।